গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ অধিশাখা
www.mopa.gov.bd

১৯ ভাদ্র, ১৪২২ বঙ্গাব্দ।

নম্বর-০৫.০০.০০০০.১৩৭.১৮.০২৩.১৩-৪২৭ তারিখ:------------------------------

০৩ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিষ্টাব্দ।

বিষয়: দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর/২০১৫-এ অংশগ্রহণেচ্ছু প্রার্থীদের আবেদন পত্র প্রেরণ।

সূত্র: বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের পত্র নম্বর-১০৬, তারিখ: ২৫/০৮/২০১৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৫ সালের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের ৩০ আগস্ট, ২০১৫ খ্রি. থেকে ৩০ সেপ্টেম্বর, ২০১৫ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনপত্রের 'প্রিন্টেড কপি' এবং সংশ্লিষ্ট কাগজপত্র মন্ত্রণালয়ের মাধ্যমে আগামী ১৩ অক্টোবর, ২০১৫ তারিখের মধ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক তাঁর অধীনস্থ কর্মকর্তাদের আবেদন পত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র বিপিএসসি'র আধা সরকারি পত্র অনুসারে (কপি সংযুক্ত) যাচাই-বাছাইপূর্বক **আগামী ০১ অক্টোবর, ২০১৫ খ্রি. তারিখের মধ্যে** বিশেষ বাহক মারফত জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২(দুই) পাতা।

খালেদা আখতার
উপসচিব
ফোন: ৯৫৭৪৫৫৯
dsfa1@mopa.gov.bd

১। কমিশনার, ...।
২। জেলা প্রশাসক, ...।

অনুলিপি:

১। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর/২০১৫ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা১২০৭।

নং-৮০.১০৪.০৩৯.০০.০৫.২য়.২০১৫/ ৭৩৮ তারিখঃ ২৫/০৮/২০১৫খ্রিঃ।

বিষয় ঃ ২০১৫ সালের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠান এবং আবেদনপত্র আহবান সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা আগামী ডিসেম্বর/২০১৫ মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষার সময়সূচি যথাসময়ে সংবাদপত্র ও ওয়েব সাইটে (www. bpsc. gov.bd) প্রকাশ করা হবে। **আগামী ৩০ আগস্ট দুপুর ১২.০০ঘটিকা থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখ রাত ১২.০০ ঘটিকার মধ্যে** Online-এ আবেদনপত্র **(Soft Copy)** নির্ভুলভাবে **পুরণ করে** দাখিল করতে হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক কর্মকর্তাগণ Online-এ আবেদনপত্র দাখিলের পর দাখিলকৃত আবেদনপত্রের **শুধুমাত্র** প্রিন্টেড কপি (hard copy) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পৌছাতে হবে। **সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা/২০১৫ এর আবেদনপত্রসমূহ (hard copy, ম্যানুয়ালি) আগামী ১৩ অক্টোবর, ২০১৫ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌছাতে হবে।** উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাহাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। **উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণ ও নিয়ন্ত্রণকারী কর্মকর্তা আবেদনপত্র মন্ত্রণালয়ের মাধ্যমে না পাঠিয়ে সরাসরি সরকারী কর্ম কমিশনে পাঠানোর কারণে বহু কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।**

২। Online-এ আবেদনপত্রের form যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপি(hard copy) যথাযথ আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। **উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পুরণকৃত আবেদনপত্র (hard copy) বাতিল বলে গণ্য হবে।** প্রেরিত আবদনপত্র (hard copy) এবং আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ সঠিক এবং অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরণের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবদনপত্র (hard copy) সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী প্রার্থীর আবেদনপত্র বা প্রার্থীতা বাতিল হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/ সচিব/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনোযোগ/দৃষ্টি পুনরায় আকর্ষণ করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত Online-এ আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে ম্যানুয়ালি তা মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণের জন্য পরামর্শ দেয়া হলো।

৩। উপরিউক্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ্ধতি অনুযায়ী ২০১৫ সালের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু কর্মকর্তাদেরকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

৪। উল্লেখ্য যে, কোন অবস্হাতেই বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র (কারণ যাই হোক) বিবেচনা করা হবে না এবং প্রবেশ পত্র (ছবি সম্বলিত download কৃত) ব্যতীত কোন কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

সংযুক্তি ঃ বর্ণনা অনুযায়ী।

সিনিয়র সচিব ....
....
....
....

(কোংখাম নীলমনি সিংহ)
পরিচালক(যুগ্ম-সচিব)।
ফোনঃ ৫৫০০৬৬২৫(অঃ)।

m/nizam/DI Exa 1st2007-A 123

সচিব

বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
ফোন : +৮৮ ০২ ৫৫০০৬৭
: +৮৮ ০২ ৯১৪৪০৫
ফ্যাক্স : +৮৮ ০২ ৫৫০০৬৭
ই-মেইল : secretary@bpsc.gov.bd

যুগ্ম-সচিব
অতিঃ-সচিব (সংগঃওআঃ/বিধি)
অতিঃ-সচিব (সওব্য/সিপিটি)
অতিঃ-সচিব (প্রশাসন/এপিডি)
অতিঃ-সচিব (শৃংখলা/বাঃবাঃ)
অতিঃ-সচিব (সিস্টার/উন্নয়ন)
পি.এস
সিনিয়র সচিব

ডাইরী নং-
উপসচিব (উনি-১)-
উপসচিব (উনি-৩)-
উপসচিব (উনি-৪)-
উপসচিব (মাপ্র)-
উপসচিব (মাপ্র-১)-
উপসচিব (বৈনি/ননি)-
যুগ্মসচিব (এপিডি)-

আধা সরকারি পত্র নম্বর- ৮০.১০৪.০৩৯.০০.০১.১ম/২০১৫/৭৬

তারিখঃ ০৫ জুলাই, ২০১৫

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, প্রতিবার অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার দরখাস্ত আহবান করার পর পরীক্ষা সংক্রান্ত বিধি, কমিশনের নীতিমালা এবং জারিকৃত বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনপত্র (অন-লাইনের প্রিন্টেড হার্ডকপি) বাছাইয়ের পর বিভিন্ন কারণে অনেক প্রার্থীর আবেদনপত্র (hard copy) বাতিল করতে হয়। উদাহরণ স্বরূপ (১) অন-লাইনে আবেদনকৃত মুদ্রিত কপি বিলম্বে পাওয়ায় (২) মন্ত্রণালয়ের মাধ্যমে না পাঠিয়ে সরাসরি কমিশনে আবেদনপত্র (hard copy) প্রেরণ করায় (৩) আবেদনপত্রে (hard copy) প্রার্থীর স্বাক্ষর না থাকায় (৪) আবেদনপত্রে (hard copy) প্রার্থীর সীল না থাকায় (৫) আবেদনপত্রে (hard copy) প্রার্থী ও ঊর্ধ্বতন কর্তৃপক্ষের স্বাক্ষর না থাকায় (৬) ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষর দেয়া থাকলেও সীল না দেয়ায় (৭) মূল আবেদনপত্রের (hard copy)ফটোকপি জমা দেয়ায়(৮) বিগত পরীক্ষার আবেদনপত্রের (hard copy) অ্যাপ্লিকেন্ট কপি জমা দেয়ায় (৯) আবেদনপত্রে (hard copy) ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সীল না থাকায় (১০) আবেদনপত্রে (hard copy) রেজিঃ নম্বর না থাকায় (১১) প্রার্থী কর্তৃক নির্ধারিত তারিখের পূর্বে অন-লাইনে আবেদন করায় (১২) চাকুরিতে যোগদানের তারিখ স্পষ্ট না থাকায় এবং (১৩) অন-লাইনের আবেদনপত্রের (hard copy) প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ না করায়-ইত্যাদি।

২। কিছু আবেদনপত্র বাতিল হয় প্রার্থীদের নিজস্ব অমনোযোগিতা এবং এ পরীক্ষা সংক্রান্ত বিধি, কমিশনের পরীক্ষা সংশ্লিষ্ট জারিকৃত বিজ্ঞপ্তি না পড়ে ফরম পূরণ করার কারণে। কিছু আবেদনপত্র (hard copy) বাতিল হয় আবেদনকারীদের (hard copy) নিজস্ব নিয়ন্ত্রণ বহির্ভূত যেমন- ঊর্ধ্বতন কর্মকর্তা আবেদনপত্র (hard copy) যথাসময়ে অগ্রায়ণ না করায় এবং যথাস্থানে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষর ও সীল না দেয়ায়। বাতিলের বিষয়ে একাধিকবার সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়কে পত্র দিয়ে অবহিত করা হয়েছে। এছাড়া পরীক্ষার বিজ্ঞপ্তি সকল মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়ে থাকে। তারপরেও বাতিল প্রার্থীতা থেকেই যাচ্ছে এবং আবেদনকারীগণ পরীক্ষা দেয়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এ সকল প্রার্থীর প্রার্থীতা বাতিল করা নিয়ে কমিশনও বিব্রত হয়। এতে প্রার্থীদের ক্যারিয়ার ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং জনপ্রশাসন- এর ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দায়বোধও প্রশ্নের সম্মুখীন হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ-এর দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আরো সতর্ক ও সচেতনতার সাথে দায়িত্ব পালন করার জন্য এবং নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ কমিশনের বিজ্ঞপ্তি/বিধি অনুযায়ী আবেদনকারীদের তথ্যসমূহও যাচাই বাছাই করে দ্রুত প্রক্রিয়াকরণ সমাপ্ত করে সর্বশেষ তারিখ বা তার পূর্বে ত্রুটিমুক্ত যোগ্য আবেদনপত্র (hard copy) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছানোর বিষয়ে আপনার অধীনস্থ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সদয় নির্দেশনা প্রদান করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

শুভেচ্ছান্তে।

আন্তরিকভাবে আপনার

(মোঃ শাহজাহান আলী মোল্লা)

ড.কামাল আবদুল নাসের চৌধুরী
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।